CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2020/TDC(CBCS)/ODD/SEM/**
**BNGAEC–101T/361**

**TDC (CBCS) Odd Semester Exam., 2020**
**held in March, 2021**

# BENGALI

**( 1st Semester )**

Course No. : BNGAEC–101T

**( সংযোগের রূপ, রীতি ও প্রয়োগ )**

( For Arts, Science, Commerce—Honours and Pass Course )

*পূর্ণমান : ৫০*
*উত্তীর্ণমান : ২০*

*সময় : ৩ ঘণ্টা*

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পনেরোটি) : ১×১৫=১৫

১। সংযোগ-এর ইংরেজি প্রতিশব্দ 'communication' কোন্ ভাষা থেকে এসেছে?

২। বাংলা পরিভাষা লেখো (যে কোনো একটি) :

(ক) Dialogue

(খ) Group Discussion

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৩। একক কথনের একটি বৈশিষ্ট্য লেখো।

৪। সংযোগ বিদ্যা নিয়ে সর্বপ্রথম কে আলোচনা করেছেন?

৫। শ্যানন এবং ওয়েভার কত সালে *The Mathematical Theory of Communication* গ্রন্থটি প্রকাশ করেন?

৬। 'Interview' শব্দটির অর্থ কী?

৭। নথি সংরক্ষণের মাধ্যমকে কী বলা হয়?

৮। বাংলা পরিভাষা লেখো (যে কোনো একটি) :

(ক) Document

(খ) Summary

৯। সাধারণত নথিকে কয়টি ভাগে ভাগ করা হয়?

১০। ইংরেজি 'record' শব্দটি কোন্ ভাষা থেকে এসেছে?

১১। যে কোনো সংবাদের প্রথম বিষয় কী?

১২। প্রতিবেদনের মূলত কয়টি অংশ রয়েছে?





১৩। 'বীরাঙ্গনা কাব্য' কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

১৪। 'বীরাঙ্গনা কাব্য'টি কোন্ ছন্দে রচিত?

১৫। জনার স্বামীর নাম কী?

১৬। 'নীলধ্বজের প্রতি জনা' পত্র-কবিতাটি 'বীরাঙ্গনা কাব্য'-এর কত সংখ্যক সর্গ?

১৭। সোমদেব কে?

১৮। "...কি কৌতুকে, কহ ;
বৈশ্বানর, লুকাইছ ভস্মের মাঝারে?"
'বৈশ্বানর' শব্দের অর্থ কী?

১৯। রবীন্দ্রনাথের 'গল্পগুচ্ছ'-এর কোন্ খণ্ডটি তোমাদের পাঠ্য?

২০। ফটিকের মামার নাম কী?

২১। বরদাসুন্দরী কে?

২২। 'মধ্যবর্তিনী' গল্পে কয়টি পরিচ্ছেদ আছে?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২৩। রামসুন্দর মিত্রের কন্যার বিবাহে কত টাকা পণ দাবি করা হয়েছিল?

২৪। "মা, এখন আমার ছুটি হয়েছে মা, এখন আমি বাড়ি যাচ্ছি।" এটি কার উক্তি?

২৫। 'মেলা' শব্দের অর্থ কী?

২৬। বরাক উপত্যকার গ্রামীণ জনজীবনে প্রচলিত একটি অন্তরঙ্গন ক্রীড়া (indoor game)র নাম লেখো।

২৭। 'মহাবিষুব' সংক্রান্তি কোন্ মাসের শেষে পালিত হয়?

২৮। 'নবান্ন' উৎসব কোন্ ঋতুতে অনুষ্ঠিত হয়?

(ক) বসন্ত

(খ) হেমন্ত

( শুদ্ধ উত্তরটি লেখো )

২৯। "গ্রন্থ পরিক্রমায় সমালোচকের দার্শনিক অন্তর্দৃষ্টি থাকা প্রয়োজন।" মন্তব্যটি সঠিক না ভুল?

৩০। সংবাদপত্রের জন্য লেখা পত্রকে কোন্ শ্রেণীর অন্তর্ভুক্ত করা যায়?

(ক) ব্যক্তিগত পত্র

(খ) বাণিজ্যিক পত্র

( শুদ্ধ উত্তরটি লেখো )





## SECTION—B

সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) : ২×৫=১০

৩১। সংযোগ-এর দুটি রূপ কী কী?

৩২। সংলাপকে কোন্ দুটি ভাগে ভাগ করা যেতে পারে?

৩৩। প্রতিবেদন বলতে কী বোঝ?

৩৪। অপ্রচলিত নথি কাকে বলে?

৩৫। "কে তুমি,—বিজন বনে ভ্রম হে একাকী," কে, কাকে উদ্দেশ্য করে কথাটি বলেছেন?

৩৬। 'নীলধ্বজের প্রতি জনা' পত্র-কবিতাটি 'মহাভারত'-এর কোন্ পর্ব অবলম্বনে রচিত? নীলধ্বজ কোন্ রাজ্যের রাজা ছিলেন?

৩৭। "বালক ডাঁটা চিবাইতে চিবাইতে কহিল, 'ওই হোথা'।" বালকটি কে? কাকে উদ্দেশ্য করে সে একথা বলেছে?

৩৮। "দাদা বললেন, 'লেখো', ভাই অমনি লিখে গেলেন।" কার উক্তি? উল্লিখিত 'দাদা' কে?

৩৯। বরমবাবার মেলা কখন ও কোথায় অনুষ্ঠিত হয়?

৪০। বরাক উপত্যকা থেকে প্রকাশিত যে কোনো দুটি দৈনিক সংবাদপত্রের নাম লেখো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



## SECTION—C

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৫×৫=২৫

৪১। লেখ্য ও মৌখিক সংযোগের কয়েকটি পার্থক্য উল্লেখ করে একটি আলোচনা প্রস্তুত করো।

৪২। কী কী পদ্ধতি অনুসরণ করে সাক্ষাৎকার নেওয়া যেতে পারে, আলোচনা করো।

৪৩। নথিকরণের বিভিন্ন পর্যায় সম্পর্কে আলোচনা করো।

৪৪। নিম্নলিখিত অনুচ্ছেদটির সারসংক্ষেপ প্রস্তুত করো :

আমাদের শিক্ষা ও জীবনের মধ্যে বিরাজমান যে বিচ্ছেদ, তা অপসৃত করে উভয়ের মিলন সাধনে বাংলা ভাষা ও বাংলা সাহিত্যের আছে একটি গৌরবময় ভূমিকা। বঙ্গদর্শনে বঙ্কিমচন্দ্রের প্রবল প্রতিভা প্রথম সেই ব্যবধান ভেঙে ঘটিয়েছিল আমাদের শিক্ষা ও অন্তঃকরণের এক আনন্দময় সম্মিলন। তাতে বাংলা ভাষার উৎসবমুখর আনন্দমূর্তি হয়ে ওঠে উদ্ভাসিত। আমাদের দৈনন্দিন জীবনের ক্ষুদ্রতা, মহিমার রশ্মিপাতে উজ্জীবিত হয়েছিল এক মহাজীবনের মন্ত্রে। পরিণামে বাংলা ভাষার আড়ষ্টতা গেল ঘুচে, বাংলা সাহিত্যে এলো গতিমুখর প্রাণোল্লাস। সেই সঙ্গে উপলব্ধ হল যে, ইংরেজি আমাদের কাজের ভাষা—তার দ্বারা আমাদের ভাব-ভাবনার জীবন্ত প্রকাশ সম্ভব নয়। আর বাংলা ভাষা আমাদের প্রাণের ভাষা—কেবল তার দ্বারাই আমাদের বহু স্মৃতিসমৃদ্ধ মাধুর্যমণ্ডিত হৃদয়ের ভাবোচ্ছ্বাস পেতে পারে স্বাধীন স্বচ্ছন্দ অভিব্যক্তি।





৪৫। "পত্র-কবিতায় সংযোগের ভাষা সিদ্ধিলাভ করে সংলাপের যথার্থ প্রয়োগে।" পঠিত যে কোনো একটি পত্র-কবিতা অবলম্বনে বিষয়টি স্পষ্ট করো।

৪৬। 'লক্ষ্মণের প্রতি শূর্পনখা' কবিতায় শূর্পনখা চরিত্রের মধ্য দিয়ে যে রোমান্টিক প্রেম-চেতনার প্রকাশ ঘটেছে তার আলোচনা করো।

৪৭। 'রামকানাইয়ের নির্বুদ্ধিতা' গল্পে রবীন্দ্রনাথ আদালতকেন্দ্রিক জীবিকার পরিচয় দিতে গিয়ে যে অসাধারণ নাট্যমুহূর্ত তৈরি করেছেন তা নিজের ভাষায় লেখো।

৪৮। 'ছুটি' গল্পের বিশ্বম্ভর বাবুর চরিত্রটি চিত্রিত করো।

৪৯। প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা সম্পর্কে একটি সচেতনতামূলক প্রতিবেদন প্রস্তুত করো।

৫০। বর্তমান সময়ে বইমেলার প্রয়োজনীয়তা ও গুরুত্ব সম্পর্কে আলোকপাত করো।

***



2020/TDC(CBCS)/ODD/SEM/
BNGAEC-101T/361

CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2020/TDC(CBCS)/ODD/SEM/**
**BNGDSC/GE–101T/360**

**TDC (CBCS) Odd Semester Exam., 2020**
**held in March, 2021**

# BENGALI

**( 1st Semester )**

Course No. : BNGDSC/BNGGE–101T

**( বাংলা সাহিত্যের ইতিহাস ঃ প্রাচীন ও মধ্যযুগ )**

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো কুড়িটি) : ১×২০=২০

১। বাংলা সাহিত্যের ইতিহাসকে কয়টি যুগে ভাগ করা হয়েছে?

২। 'চর্যাপদ' বাংলা সাহিত্যের কোন্ যুগের রচনা?

৩। 'চর্যাপদ'-এর পুঁথিতে সর্বমোট কয়টি পদ ছিল?

৪। 'চর্যাপদ'-এর পদকর্তারা কোন্ ধর্মাবলম্বী ছিলেন?

CENTRAL LIBRARY N.C.COLLEGE


৫। 'চর্যাপদ'সমূহের আবিষ্কর্তা কে?

৬। 'চর্যাপদ'-এর পুঁথি কত সালে আবিষ্কৃত হয়েছিল?

৭। 'হাজার বছরের পুরানো বাংলা ভাষায় বৌদ্ধগান ও দোঁহা' নামক গ্রন্থটি কার সম্পাদনায় প্রকাশিত হয়েছিল?

৮। 'চর্যাপদ' সংকলনের প্রথম পদকর্তা কে?

৯। 'শ্রীকৃষ্ণকীর্তন'-এর পুঁথি কোন্ স্থান থেকে আবিষ্কৃত হয়েছিল?

১০। 'শ্রীকৃষ্ণকীর্তন' মুদ্রিত আকারে কত সালে প্রকাশিত হয়?

১১। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে কতগুলো খণ্ড আছে?

১২। 'শ্রীকৃষ্ণকীর্তন'-এর শেষ খণ্ডের নাম কী?

১৩। কোন্ বৈষ্ণব পদকর্তাকে 'অভিনব জয়দেব' আখ্যা দেওয়া হয়েছে?

১৪। 'অভিসার' পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে?

১৫। কবি বিদ্যাপতি কোন্ রাজসভার কবি ছিলেন?

১৬। বৈষ্ণব কবি জ্ঞানদাস কোন্ কবির ভাবশিষ্য?

১৭। নারায়ণদেব রচিত 'মনসামঙ্গল' কাব্য কী নামে পরিচিত?





১৮। চৈতন্য-উত্তর যুগের একজন 'মনসামঙ্গল' কাব্যধারার কবির নাম লেখো।

১৯। বিপ্রদাস পিপলাই রচিত 'মনসামঙ্গল' কাব্যের নাম কী?

২০। 'চণ্ডীমঙ্গল' কাব্যের আদিকবি কে?

২১। ধর্মঠাকুরের পূজা কোন্ অঞ্চলে সমধিক প্রচলিত?

২২। ময়ূর ভট্ট কোন্ 'মঙ্গলকাব্য' ধারার কবি?

২৩। 'রায়গুণাকর' উপাধি কোন্ কবিকে দেওয়া হয়েছিল?

২৪। "রাজসভার কবি রায়গুণাকরের 'অন্নদামঙ্গল-গান' রাজকণ্ঠের মণিমালার মতো, যেমন তাহার উজ্জ্বলতা তেমনি তাহার কারুকার্য।" মন্তব্যটি কার?

২৫। মূল বাল্মীকি 'রামায়ণ' কয়টি কাণ্ডে বিভক্ত?

২৬। 'রামায়ণ'-এর শ্রেষ্ঠ বাংলা অনুবাদক কে?

২৭। তুলসীদাস অনূদিত হিন্দী 'রামায়ণ' গ্রন্থের নাম কী?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২৮। 'রামায়ণ'-এর একমাত্র মহিলা অনুবাদকের নাম কী?

২৯। 'মহাভারত'-এর কয়টি পর্ব কাশীরাম নিজে অনুবাদ করেছিলেন বলে মনে করেন বিশেষজ্ঞরা?

৩০। কাশীরাম দাসের বাসস্থান কোথায় ছিল?

৩১। কাশীরাম দাস কোন্ শতকের কবি?

৩২। কবীন্দ্র পরমেশ্বর কোন্ মহাকাব্যের বাংলা অনুবাদক?

৩৩। 'শাক্তপদাবলী' কোন্ শতকের রচনা?

৩৪। 'আমায় দে মা তবিলদারি' গানটির রচয়িতার নাম কী?

৩৫। রামপ্রসাদকে 'কবিরঞ্জন' উপাধি কে দিয়েছিলেন?

৩৬। 'শাক্তপদাবলী ও শক্তি সাধনা' গ্রন্থের লেখক কে?

৩৭। 'লোরচন্দ্রাণী' বা 'সতীময়না'র উপাদান মুসলমান কবি দৌলত কাজী কোন্ গ্রন্থ থেকে সংগ্রহ করেছিলেন?

৩৮। মধ্যযুগের কোন্ মুসলমান কবি আরাকানরাজ শ্রীচন্দ্র সুধর্মার নির্দেশে অনেকগুলি অনুবাদ কাব্য রচনা করেছিলেন?





৩৯। সৈয়দ আলাওল তাঁর সর্বশেষ কাব্য 'সেকান্দারনামা' কোন্ ভাষার কাব্য অবলম্বনে রচনা করেছিলেন?

৪০। কোন্ বিখ্যাত রোমান্টিক আখ্যানকাব্যের জন্য কবি দৌলত কাজী প্রসিদ্ধ হয়ে আছেন?

## SECTION—B

সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) : ২×৫=১০

৪১। 'চর্যাপদ'-এর ভাষাকে সন্ধ্যাভাষা বলা হয় কেন?

৪২। 'চর্যাপদ'-এর যে কোনো দুজন পদকর্তার নাম লেখো।

৪৩। বাংলা ভাষায় রচিত প্রথম কাহিনিকাব্যের নাম কী? এই কাব্যের রচয়িতা কে?

৪৪। "কন্টক গাড়ি _____ পদতল
_____ চীরহি ঝাঁপি॥"

( শূন্যস্থান পূর্ণ করো )

৪৫। মুকুন্দরাম চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কাব্যের নাম কী? কাব্যটিতে কয়টি খণ্ড আছে?

৪৬। মধ্য ও আধুনিক যুগের সন্ধিলক্ষণ যুগপৎ আভাসিত হয়েছে কোন্ মঙ্গলকাব্যে? এই কাব্যের রচয়িতা কে?

৪৭। কবি কৃত্তিবাস অনূদিত বাংলা 'রামায়ণ' কী নামে পরিচিত? কৃত্তিবাস কোন্ গ্রামের অধিবাসী ছিলেন?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৪৮। শ্রীকর নন্দী ‘মহাভারত’-এর কোন্ পর্বের বাংলা অনুবাদ করেছিলেন এবং কোন্ গ্রন্থ অবলম্বনে তিনি কাব্যটি রচনা করেন?

৪৯। ‘শাক্তপদাবলী’র কোন্ দুটি পর্যায় তোমাদের পাঠ্যতালিকার অন্তর্ভুক্ত?

৫০। সৈয়দ আলাওল ‘পদ্মাবতী’ কাব্যটি কোন্ গ্রন্থ অবলম্বনে রচনা করেছিলেন এবং সেই গ্রন্থের রচয়িতার নাম কী?

## SECTION—C

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৮×৫=৪০

৫১। বাংলা সাহিত্যের আদিতম গ্রন্থ ‘চর্যাপদ’-এর ঐতিহাসিক গুরুত্ব উল্লেখ করে গ্রন্থটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

৫২। ‘চর্যাপদ’-এ তৎকালীন বাংলাদেশের সমাজ-জীবনের যে পরিচয় পাওয়া যায় তা সংক্ষেপে বর্ণনা করো।

৫৩। বাংলা সাহিত্যের প্রথম কাহিনিকাব্যটির গুরুত্ব উল্লেখ করে কাব্যটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

৫৪। ‘অভিসার’ পর্যায়ের পদ রচনায় কবি গোবিন্দদাসের কৃতিত্বের পরিচয় দাও।

৫৫। ‘মনসামঙ্গল’ কাব্যধারার যে কোনো দু’জন কবির কবিকৃতি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।





৫৬। “‘চণ্ডীমঙ্গল’ কাব্যের শ্রেষ্ঠ কবি মুকুন্দরাম চক্রবর্তী।” এই বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।

৫৭। কবি কৃত্তিবাস ওঝার সংক্ষিপ্ত জীবনতথ্য উল্লেখ করে ‘রামায়ণ’-এর অনুবাদক হিসেবে তাঁর কবিকৃতির পরিচয় দাও।

৫৮। ‘মহাভারত’-এর শ্রেষ্ঠ অনুবাদক কাশীরাম দাসের কবিকৃতি ও তাঁর অনূদিত গ্রন্থের সংক্ষিপ্ত পরিচয় দাও।

৫৯। “‘আগমনী’ ও ‘বিজয়া’ বাঙালী মাতৃহৃদয়ের গান।” রবীন্দ্রনাথের এই মন্তব্যকে তোমার পঠিত শাক্তপদাবলীর সাহায্যে বিশদ করো।

৬০। মধ্যযুগের বাংলা সাহিত্যে আরাকান রাজসভার কবিদের উল্লেখযোগ্য ভূমিকা রয়েছে, আলোচনা করো।

★★★